**এটিএন বাংলার অনুষ্ঠানসূচী/রবিবার/০১ নভেম্বর' ১৫**

| | |
|---|---|
| ১০টা | এটিএন বাংলা সংবাদ |
| ১০টা ৩৫মিঃ | প্রাণ ম্যাংগো ড্রিংকস মুভি টাইমে পূর্ণদৈর্ঘ্য বাংলা ছায়াছবি **'অশান্ত মন'** পরিচালনাঃ কাজী হায়াৎ।<br>অভিনয়েঃ মারুফ, সাহারা, স্বাগতা, আহমেদ শরীফ, মিশা প্রমুখ। |
| ১১টা ০০মিঃ | এটিএন বাংলা সংবাদ |
| ১২টা ০০মিঃ | এটিএন বাংলা সংবাদ |
| ০১টা ০০মিঃ | এটিএন বাংলা সংবাদ |
| ০২টা | এটিএন বাংলা সংবাদ |
| ০৩টা ১০মিঃ | খেলাধুলা বিষয়ক অনুষ্ঠান **'খেলার জগৎ'** পরিচালনাঃ মোশতাক হোসেন। |
| ০৪টা | এটিএন বাংলা সংবাদ। |
| ০৩টা ৪৫মিঃ | ছোটদের অনুষ্ঠান **'নীলগিরি'** পরিচালনাঃ নাহিদ রহমান ও লবী রহমান। |
| ০৪টা | এটিএন বাংলা সংবাদ। |
| ০৪টা ৩৫মিঃ | আইন বিষয়ক সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান **'ল এন্ড অর্ডার'**, পরিচালনাঃ নাহিদ রহমান ও লবি রহমান। |
| ০৫টা | গ্রাম-গঞ্জের খবর |
| ০৫টা ২০মিঃ | রান্না বিষয়ক অনুষ্ঠান **'মোজাম্মেল স্পেশাল রাইস পুষ্টিকর রান্না'** (পর্ব-২৭)<br>উপস্থাপনাঃ মুনমুন হক, অতিথিঃ চিত্রনায়িকা অঞ্জনা। |
| ০৬টা ১৫মিঃ | স্বাস্থ্য তথ্য বিষয়ক সরাসরি সম্প্রচারিত অনুষ্ঠান **'সুস্থ থাকুন'**<br>উপস্থাপনাঃ ডা. সহেলী আহমেদ সুইটি, প্রযোজনাঃ কুইন রহমান। |
| ০৭টা | এটিএন বাংলা সংবাদ |
| ০৮টা | ধারাবাহিক নাটক **'দহন'** (পর্ব-৮৬) রচনা ও পরিচালনাঃ অরণ্য আনোয়ার।<br>অভিনয়েঃ আবুল হায়াত, রাইসুল ইসলাম আসাদ, অরুণা বিশ্বাস, কে এস ফিরোজ, নাজনীন চুমকী, প্রভা, ফারহানা মিলি, জিতু আহসান, চাঁদনী, শাহাদাৎ হোসেন, শামীমা তুষ্টি, সমাপ্তি, শ্যামল মাওলা প্রমুখ। |
| ০৮টা৪০মিঃ | ধারাবাহিক নাটক **'তাহাদের যৌবনকাল'** (পর্ব-১৫) রচনাঃ আব্দুলাহ আল মামুন, পরিচালনাঃ সাজাদ হাসান বাবলু।<br>অভিনয়েঃ রামেন্দু মজুমদার, পীযুষ বন্দোপাধ্যায়, ডলি জহুর, আমিন আজাদ, রুমানা, সাব্বির, আলভী, প্রমুখ। |
| ০৯টা ২০মিঃ | ধারাবাহিক নাটক **'ডিবি'** (পর্ব- ৩৬৪) রচনাঃ রুহুল আমিন পথিক, পরিচালনাঃ জি এম সৈকত।<br>অভিনয়েঃ ডি এ তায়েব, সৈয়দ শুভ্র, ইউসুফ রাসেল, মিমো, ছবি, হীরা প্রমুখ। |
| ১০টা | এটিএন বাংলা সংবাদ |
| ১০টা ৫৫মিঃ | ডেইলি সোপ **'সাতটি তারার তিমির'** (১৭৪) রচনাঃ নজরুল ইসলাম, পরিচালনাঃ আফসানা মিমি ও রাকেশ বসু।<br>অভিনয়েঃ মৌসুমী হামিদ, জয়িতা মহলানবীশ, স্বর্ণা, শর্মিমালা, সানজিদা প্রীতি, মৌটুসী বিশ্বাস, মুমতাহিনা টয়া, দিলারা জামান, আল মামুন, সুবর্ণা মুস্তফা, ইন্তেখাব দিনার প্রমুখ। |
| ১১টা ২৮মিঃ | ধারাবাহিক নাটক **'নীড় খোঁজে গাঙচিল'** (পর্ব ২৯৭), রচনা ও পরিচালনাঃ মোহন খান।<br>অভিনয়েঃ শাহেদ শরীফ খান, মীর সাব্বির, শোয়েব, হাসান মাসুদ, আরফান, চাঁদনী, নওশিন, সাবাবা মোহন, মিতা নূর, সোমা, ফারজানা ছবি, মাহমুদজ্জামান সেলিম প্রমুখ। |
| ১২টা | এটিএন বাংলা সংবাদ |
| ১২টা ৩০মিঃ | টক শো **'সাদার্ন ইউনিভার্সিটি অন্যদৃষ্টি'** উপস্থাপনাঃ শ্যামল দত্ত, পরিচালনাঃ বিলাস খান। |
| ০১টা ২০মিঃ | প্রাণ চানাচুর নিবেদিত ছায়াছবির গান নিয়ে অনুষ্ঠান **'সিনে মিউজিক'** |

**[প্রতি ঘন্টার সংবাদ : সকাল ৭টা, ৮টা, ১১টা, দুপুর ১২টা, ১টা, বিকেল ৩টা ও ৪টা। ইংরেজী সংবাদ সকাল ৯টা ও সন্ধ্যা ৬টা]**

ATN BANGLA
Multi Media Production Co. Ltd.

# হাইলাইটস

**রবিবার, ০১ নভেম্বর ২০১৫**

## প্রভাতী ম্যাগাজিন ‘তাজা চায়ের চুমুকে’

বাংলার মুখ আমি দেখিয়াছি, তাই আমি পৃথিবীর রূপ খুঁজিতে যাই না আর। জীবনানন্দের রূপসী বাংলা কবিতায় ফুটে উঠেছে বাংলা মায়ের অপরূপ সৌন্দর্য। কিন্তু এই অপরূপ বাংলাকে দেখতে এবং এর সৌন্দর্য উপভোগ করতে আমাদের কতই না আয়োজন করতে হয়। তবে শুধুই কি আয়োজন করে অনেক দুরের কোন স্থানে গিয়ে সৌন্দর্য উপভোগ করতে হয়! আমাদের চারপাশে কি অপরূপ সৌন্দর্য নেই? অবশ্যই আছে। তবে সে সৌন্দর্য উপভোগ করতে অনেক আয়োজনের প্রয়োজন নেই। শুধু প্রয়োজন একটু চিন্তা, একটু সময় এবং সুন্দর মনের। আমাদের চারপাশে, প্রতিটি গ্রামে, প্রকৃতির পরতে পরতে রয়েছে সৌন্দর্য। রয়েছে অনেক অজানা তথ্য। আর এসব সৌন্দর্য আর অজানা তথ্য জানাতে এবং প্রকৃতির সৌন্দর্যকে আপনার নিকট উপস্থাপন করতে এটিএন বাংলায় রবি থেকে বৃহস্পতিবার সকাল ৭টা ৩০ মিনিটে প্রচার হচ্ছে প্রভাতী ম্যাগাজিন অনুষ্ঠান ‘তাজা চায়ের চুমুকে’। অনুষ্ঠানের প্রতিটি পর্বে তুলে ধরা হয় গ্রাম বাংলার ঐতিহ্য, সংস্কৃতি ও প্রকৃতিকে। অনুষ্ঠানে আরও থাকে আজকের দিন সম্পর্কে জানা, আজকে জন্মগ্রহনকারীদের তথ্য, আবহাওয়া, রাশিফল, বিউটি টিপস, বাংলার গান, শিল্প সাহিত্যের খবরাখবর এবং অতিথির সাথে আড্ডা।
অনুষ্ঠানের প্রতি পর্বেই আড্ডায় অংশগ্রহন করে থাকেন দেশের বিভিন্ন সেক্টরে কর্মরত, নিজ গুনে গুনান্বিত ব্যক্তিবর্গ। ইমতু রাতিশ ও ফাইজা খান এর উপস্থাপনা এবং মোশতাক হোসেন মাশুক এর পরিচালনায় ‘তাজা চায়ের চুমুকে’ অনুষ্ঠানটি তে আজকের অতিথি সাংবাদিক শাহ আলম সাজু। অনুষ্ঠানটি প্রচার হবে আজ (০১ নভেম্বর) সকাল ৭টা ৩০ মিনিটে এটিএন বাংলায়।

## ডেইলি সোপ ডলস হাউস ২: সাতটি তারার তিমির

এটিএন বাংলায় আজ (০১ নভেম্বর) রাত ১১টায় প্রচার হবে নতুন ডেইলি সোপ ‘সাতটি তারার তিমির’। এটিএন বাংলায় প্রচারিত এবং আফসানা মিমি পরিচালিত ডলস হাউস ধারাবাহিকের সিক্যুয়াল সাতটি তারার তিমির। আফসানা মিমি’র মূল ভাবনা এবং নজরুল ইসলামের নাট্যরুপে ধারাবাহিকটি যৌথভাবে পরিচালনা করেছেন আফসানা মিমি ও রাকেশ বসু।
এক প্রবাসী বন্ধুর ফিরে আসাকে উপলক্ষ্য করে একদল বন্ধুর আবারও এক হওয়া। এ গল্প দিয়েই শুরু সাতটি তারার তিমির’র আখ্যান। স্কুল জীবনের সোনালী দিনগুলো তারা একসাথে কাটিয়েছিলো। মৃত্তিকা, অপর্ণা, রুমানা, জেবা, তমা, শাগুফতা আর নন্দিনী- এই সাত বন্ধুকে নিয়ে ডলস হাউস’র নতুন চলা। মানুষের জীবনের সবচেয়ে সুন্দর সময়গুলোর মধ্যে সবচে’ এগিয়ে থাকে স্কুল লাইফ। সেই সুন্দর সময় একসাথে কাটানো পড়েছে তাদের। স্কুলে তাদের কমন গ্রুপ নেম-ই ছিল ‘সেভেন সামুরাই’! মজা করে কেউ ডাকতো ‘সপ্তাহ’, কেউ বা উচ্ছলতার জোয়ার দেখে মুগ্ধ হয়ে বলতো ‘রঙধনু’। তারা নিজেরাও একটা নাম ঠিক করে নিয়েছিলো। সপ্তর্ষী। সপ্তর্ষীর এই সাত তারার ভুমিকায় অভিনয় করেছেন মৌসুমী হামিদ, জয়িতা মহলানবীশ, স্বর্ণা, শর্মিমালা, সানজিদা প্রীতি, মৌটুসী বিশ্বাস এবং মুমতাহিনা টয়া। আরও অভিনয় করেছেন দিলারা জামান, আল মামুন, সুবর্ণা মুস্াফা, ইন্দোখাব দিনার প্রমুখ।

WASA Bhaban, 1st Floor, 98 Kazi Nazrul Islam Avenue, Kawran Bazar, Dhaka-1215, Bangladesh.
Tel : 8111207-10, 9139758-60, Fax 880-2-8111876, E-mail : atn@dhaka.agni.com website : www.atnbangla.tv